

বাংলাদেশ বার কাউন্সিল কার্যালয়

বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা।

ফোনঃ ৯৫৬৭০৫৬, ৯৫৬৯৮০৭, ৯৫৬৯৮০৯

নং-বিবিসি/এনরোল-২০১৮/২৫১০

তারিখঃ ২৪-১০-২০১৮ইং

নোটিশ

১লা নভেম্বর, ২০১৮ ইং হইতে অ্যাডভোকেটশীপ তালিকাভুক্তির মৌখিক পরীক্ষা

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাংলাদেশ বার কাউন্সিলের অ্যাডভোকেটশীপ তালিকাভুক্তির মৌখিক পরীক্ষা আগামী ০১-১১-২০১৮ইং তারিখ হইতে বার কাউন্সিল ভবনে অনুষ্ঠিত হইবে। যাহারা ১৪-১০-২০১৭ইং তারিখে অনুষ্ঠিত এনরোলমেন্ট লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন তাহারা শুধুমাত্র প্রবেশপত্র প্রদর্শন করিয়া মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন। পরীক্ষার বিস্তারিত শিডিউল শীঘ্রই ঘোষণা করা হইবে।

যাহারা বার কাউন্সিল বিধি 60B অনুযায়ী সর্বশেষ অনুষ্ঠিত দুইটি এনরোলমেন্ট মৌখিক পরীক্ষায় অনুত্তীর্ণ হইয়াছেন/অংশগ্রহণ করিতে ব্যর্থ হইয়াছেন, তাহারা ৫০০/- (পাঁচশত টাকা) ফরম ফি (বার কাউন্সিল অনুকূলে পে অর্ডার/ব্যাংক স্লীপে জমা করিয়া) এবং ১০০০/- (এক হাজার টাকা) পরীক্ষা ফি বাবদ (বার কাউন্সিল অনুকূলে পে অর্ডার/ব্যাংক স্লীপে জমা করিয়া) আসন্ন মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন। তাহাদেরকে তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং সর্বশেষ পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপিসহ ০৮-১১-২০১৮ইং তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফরমে আবেদন করিতে হইবে। তাহাদের মৌখিক পরীক্ষার প্রবেশপত্র ১৮-১১-২০১৮ইং তারিখে বার কাউন্সিল কার্যালয় হইতে অফিস-সমনয়ে বিতরণ করা হইবে।

আদেশক্রমে,

স্বা/-

(মোঃ রফিকুল ইসলাম)

সচিব

(জেলা ও দায়রা জজ)

বাংলাদেশ বার কাউন্সিল

নং-বিবিসি/এনরোল-২০১৮/২৫১১(৮২)

তারিখঃ ২৪-১০-২০১৮ইং

সদয় অবগতি ও নোটিশ বোর্ডে আঁটিয়া দিয়া প্রচারের অনুরোধসহ অনুলিপি সম্পাদক,
..... আইনজীবী সমিতির বরাবরে প্রেরণ করা হইল।

স্বা/-

(মাহফুজুল মুর্শেদ)

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ বার কাউন্সিল

বিঃ দ্রঃ মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট প্রার্থীকে তাহার শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং মার্কশীটের মূলকপি অবশ্যই প্রদর্শন করিতে হইবে।

পরবর্তী এনরোলমেন্ট এম.সি.কিউ পরীক্ষার জন্য যাহারা ইতোমধ্যে রেজিস্ট্রেশন কার্ড পাইয়াছেন এবং নির্ধারিত পিউপিলেজ সময়সীমা (৬ মাস) অতিক্রান্ত হইয়াছে তাহারা ২০-১১-১৮ইং হইতে ২০-১২-২০১৮ইং পর্যন্ত এনরোলমেন্ট পরীক্ষার ফরম জমা দিতে পারিবেন।